

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৬ ফেব্রুয়ারী, ২০২৩খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি


আজ ১৬/০২/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উছেন মে এর নেতৃত্বে কেরানীগঞ্জ, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতে "ভোজন বাড়ী রেস্টুরেন্ট" অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের ট্রেড লাইসেন্স, ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটিকে সকল প্রয়োজনীয় কাগজপত্র ১৫ দিনের মধ্যে সংশোধন করার নির্দেশ দেয়া হয়।

যথাক্রমে "মাসুম বেকারি এন্ড কনফেকশনারী" ছক্সা পটি জিনজিরা, পরিদর্শনকালে প্রতিষ্ঠানটি তাদের ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পেস্ট-কন্ট্রোল এবং পানি পরীক্ষার প্রমাণ প্রদর্শনে ব্যর্থ হয়। "মাসুম বেকারি এন্ড কনফেকশনারী" ভিতরের এবং পারিপার্শ্বিক পরিবেশ অত্যন্ত অস্বাস্থ্যকর অবস্থায় পাওয়া যায় এবং প্রচুর পরিমাণে লেবেলহীন প্রস্তুত খাদ্যে পণ্য মজুদ করতে দেখা যায়। এসকল অপরাধে প্রতিষ্ঠানটিকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড প্রদান এবং তাৎক্ষণিক তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষগুলোকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের নিরাপদ খাদ্য অফিসার মোছা: রৌশন আরা বেগম, নিরাপদ খাদ্য পরিদর্শক ছানোয়ার হোসেন, উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর ও নিরাপদ খাদ্য পরিদর্শক, কেরানীগঞ্জ জনাব শাহীনুর ইসলাম এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।

  
(ড. সহদেব চন্দ্র সাহা)  
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।